



কেবলমাত্র অফিসের কাজে ব্যবহারের জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং অধিনস্থ
দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তাগণের
আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১

স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং অধিনস্থ
দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তাগণের
আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১

নং-স্বঃমঃ(প্রঃ-১)-বিবিধ-১৬/৯৮(অংশ-১)/৯৯৪

তারিখ : ০৯-০৭-২০০৭ খ্রিঃ


অফিস আদেশ

সচিবালয় নির্দেশমালা, ১৯৭৬-এর ৮৪ নং নির্দেশানুসারে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং অধিনস্থ দপ্তর/অধিদপ্তরসমূহের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের সুবিধার্থে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ ও পুনঃঅর্পণ সংক্রান্ত নির্দেশাবলী এতদসংযুক্ত সংযোজনী-‘১’, ‘২’ ও ‘৩’ অনুযায়ী জারী করা হলো। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সরকারী নীতি, বিভিন্ন বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও প্রাসংগিক নির্দেশানুসারে স্ব স্ব কার্যাবলী সম্পাদন করবেন।

২। অনাবশ্যক বিলম্ব পরিহার করা, দ্রুত কার্য সম্পাদন করা এবং প্রত্যেক কর্মকর্তার কর্তব্য ও দায়িত্ব নির্ধারণ করা এ নির্দেশের মূল লক্ষ্য। প্রত্যেক কর্মকর্তা তাঁর নিজস্ব পরিসীমার মধ্যে কার্যসম্পাদনের জন্য দায়িত্বশীল থাকবেন। তবে তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষকে গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে যথাসময়ে অবহিত রাখবেন।

৩। সচিবালয় নির্দেশমালা, ১৯৭৬ এবং রুলস অব বিজনেস, ১৯৯৬ এ উল্লিখিত নিয়মাবলী অনুসরণ করতে হবে। অর্থ বিভাগ হতে জারীকৃত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগকে অর্পিত আর্থিক ক্ষমতা সংক্রান্ত নির্দেশ অবশ্যই পালন করতে হবে। তাছাড়া উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ বন্টন, অবমুক্তি এবং সন্ধ্যাবহার পদ্ধতি সম্পর্কে অর্থ বিভাগের উন্নয়ন উইং এবং পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন বৎসরে জারীকৃত সুনির্দিষ্ট নিয়মাবলী অনুসরণ করতে হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আবদুল করিম ২/৭/০৭)
সচিব

